

মূল বক্তব্য ও নামকরণ

নতুন স্বাধীনতাপ্রাপ্ত বাংলাদেশকে মহান শিল্পীর তুলিতে আঁকা একটি কালজয়ী ছবি হিসেবে কল্পনা করেছেন- যা ত্রিশ লক্ষ খাঁটি বাঙালি-শিল্পী তথা শহিদের দীর্ঘ নয় মাসের শ্রমে- আত্মদানে অঙ্কিত হয়েছে। তাঁর নিশ্চিত ধারণা, রঙের যাদুকর শিল্পী ভ্যান গগ্‌ও ছবিটিতে ছড়ানো রঙের আশ্চর্য গাঢ়তা কখনো দেখেন নি। কবি মনে করেন, ছবিটিতে ব্যবহৃত অসংখ্য নরমুণ্ডের ব্যবহার ত্রিশ লক্ষ শহিদের আত্মদানের সংগ্রামী চেতনাকে ধারণ করে আছে, যা এই ছবির মতো দেশটির গৌরবময় স্মারক। ত্রিশ লক্ষ শহিদের রক্তস্নাত সুন্দর এই দেশ পরিদর্শনের জন্য কবি বিদেশিদের আমন্ত্রণ জানিয়েছেন কবিতায়। 'ছবি' নামটির মধ্য দিয়ে কবিতার সার্বিক বিষয় উপস্থাপিত হয়েছে বলে নামকরণ যথার্থ ও সার্থক হয়েছে।